



নাটক নাট্য ও নন্দিত চর্চা

অমৃতিকা ঘোষ

প্রকাশক :
মহঃ গিয়াসউদ্দিন খান
২২এ, কলেজ রো
কলকাতা-৭০০ ০০৯
যোগাযোগ : ৯১৪৩১৩৪৯৯৩
e-mail : booksspace2011@gmail.com

গ্রন্থস্বত্ব : আরাত্রিকা ঘোষ

প্রথম প্রকাশ : বইমেলা, ২০১৪

ISBN No. : 978-93-82251-13-2

প্রচ্ছদ : ড. জয়ন্তী ঘোষ

মূল্য : ১৫০.০০ টাকা মাত্র

মুদ্রণে :
গ্রাফিক্স রিপ্ৰোডাকশন
৮/৩, চিত্তামণি দাস লেন
কলকাতা-৯

বাংলা নাটকের রূপ কারিগর	৯
উনবিংশ শতাব্দীর বুদ্ধিজীবী ও এক ব্যক্তিত্ব রমণী	১৬
রবীন্দ্রনাটকে লোকনাট্যের প্রভাব	৩০
রবীন্দ্রনাথের তিনটি নাটক : একটি মার্ক্সবাদী পাঠ	৪০
রবীন্দ্রনাট্য সমালোচনায় আটের দশক	৪৯
রবীন্দ্রনাটকের বিরোধী সমালোচনা	৫৫
‘রথের রশি’-র অনন্যতা	৬০
ইচ্ছেনদী... ছলাৎছল... শুনছো রাষ্ট্র?	৬৭
নাট্যচিন্তা : প্রাবন্ধিকের ইতিহাস অবলোকন	৭১
থার্ড থিয়েটার	৮৫
নাট্যকার অজিতেশ ও ‘তিন পয়সার পানা’	৯৬
উদ্ভটনাট্যতত্ত্ব : মোহিত চট্টোপাধ্যায়ের ‘মৃত্যুসংবাদ’	১০৭
প্রতিযোগিতা মঞ্চের একাঙ্ক নাটক : সংগ্রাম আর বঞ্চনার ইতিবৃত্ত	১১৩
মঞ্চ নাটক, বেতার নাটক, দূরদর্শন নাটক : একটি তৌলন	১২০
উত্তম-মাধ্যম	১২৬
গ্রাম থিয়েটার ও শহরের থিয়েটারের অর্থনৈতিক খতিয়ান	১৩৬

পরিচায়িকা

যারা বাংলা সাহিত্যের অধ্যাপক এবং ছাত্রছাত্রী, তাঁদের অধিকাংশের সঙ্গে নাট্যশালার কোনো যোগ নেই বললে অন্যায় হয় না। অথচ এ কথা তো মানতেই হবে, নাটক হল এমন একটি সাহিত্য মাধ্যম, প্রয়োগ বিষয়ে খানিকটা আন্দাজ না থাকলে যার রস পুরোপুরি পাওয়া যায় না, এমন কি তার ফলে ভুল ভাবে বিচার করবার বৌকও চলে আসতে পারে। গিরিশচন্দ্র থেকে রবীন্দ্রনাথ অনেকের নাটককেই এমন অসম্পূর্ণভাবে বিচার করবার বেশ কিছু প্রবণতা আমরা পণ্ডিতদের মধ্যে দেখেছি, ভুল ধারণা নিয়ে লিখতে দেখেছি নাট্যশালার ইতিহাস। এখনো যে তাঁদের চোখ খুলে গেছে এমনটা বোধহয় বলা যাবে না।

অয়ত্তিকা ঘোষকে দীর্ঘদিন ধরে চিনি। থিয়েটার করা পরিবারে তাঁর জন্ম, থিয়েটারের জলহাওয়ায় মানুষ, আবার প্রথাগত পড়াশোনা করেছেন বাংলা সাহিত্য নিয়ে। নাট্য প্রয়োগের চোখ থাকার ফলে তাঁর নাটক বিশ্লেষণে এমন কিছু আলাদা তাৎপর্য তৈরি হয় যা আর পাঁচজনের মধ্যে দেখি না। নাটককে কেন্দ্রে রেখে বিচিত্র বিষয় নিয়ে ভাবনা চিন্তা করেন অয়ত্তিকা, সংগ্রহ করেন তথ্য। বলতে পারি বাংলা থিয়েটারের আলোচনাযোগ্য এলাকাগুলির একটা বড় অংশকে স্পর্শ করেছেন তিনি। সে স্পর্শে কোনো অমনোযোগ নেই, নিজের মত করে বুঝতে চাওয়া আছে, গভীর ধ্যান আছে, আর আছে বিষয়ের প্রতি তন্মিষ্ঠ ভালবাসা।

এ সবার সমবায় তৈরি এই প্রবন্ধগুলি আমাদের চিরাচরিত বিশ্বাসকে ঝাঁকুনি দেবে, তর্ক উসকে দিতে চাইবে এবং এইভাবেই, এ বই পড়া শেষ হয়ে যাওয়ার পরেও অয়ত্তিকা তাঁর পাঠকদের কাছে প্রাসঙ্গিক হয়ে থাকবেন।

২২.০৩.২০১৩

সৌমিত্র বসু
নাট্য বিভাগ
রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়